গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................... ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ...................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ...................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................................................. ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .............................. ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ দান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ৩ (তিন) বছরে সারাদেশে ৭,৭৬,০৯৭ জনকে প্রশিক্ষণ, ২৭৮.১৮ কোটি টাকা প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ এবং ৫৪,৫৬৪ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। ক্রীড়ার মানোন্নয়নে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষকের মাধ্যমে ১৫,৯৯৪ জন খেলোয়াড়কে প্রশিক্ষণ প্রদান ও ১৩১০টি জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে ১৪০টি ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৩৩৯টি স্বর্ণ, ২৬২টি রৌপ্য ও ২৪৫টি ব্রোঞ্জ পদক অর্জন করা হয়েছে। এ সময়ে ক্রীড়ায় ৪৭টি নতুন জাতীয় রেকর্ড সৃষ্টি হয়েছে। ক্রীড়াক্ষেত্রে উৎসাহ প্রদানের লক্ষ্যে ১২৬৬ জন দুস্থ ক্রীড়াবিদকে ১৯৩.৫০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

যুব জনসংখ্যা ক্রমবর্ধমান; এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসাবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ। আন্তর্জাতিক মানসম্পন্ন ক্রীড়াবিদ তৈরি করা একটি চ্যালেঞ্জ। কারণ আর্থিক অস্বচ্ছলতার দরুণ প্রশিক্ষণার্থীগণ দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত না করে ঝড়ে পড়ে। এতে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়। ক্রীড়াক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান ও স্থাপনা নির্মাণে বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন/ক্রীড়া সংস্থা ও স্টেক হোল্ডারদের উপর নির্ভরশীল হতে হয়। এতে কার্যক্রম বাস্তবায়ন বিঘ্নিত হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। বিকেএসপিতে প্রতিভা অন্বেষণ কর্মসূচি হতে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের জন্য ভর্তিকৃত খেলোয়াড়ের সংখ্যা বৃদ্ধি করা হবে। বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন ও ক্রীড়া সংস্থার মানোন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টি ও ক্রীড়া স্থাপনার উন্নয়ন করা হবে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৪১,৫৩৬ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি;
- দেশ-বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ২,৩৮,৮৬৮ জন যুবক-যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান;
- ১৫টি সফল যুব/যুব সংগঠককে জাতীয় যুব পুরস্কার প্রদান
- ১৬৪৪০ জন ক্রীড়াবিদকে প্রশিক্ষণ প্রদান;
- উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে খেলাধুলার সুযোগ বৃদ্ধির জন্য ৯০টি নতুন স্থাপনা নির্মাণ এবং ২৫টি ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার;
- প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৩৩৯৩০ জন আত্মকর্মী তৈরি এবং
- ক্রীড়ায় উদ্বুদ্ধকরণের জন্য ৬৩০ জন দুঃস্থ ক্রীড়াবিদকে আর্থিক অনুদান প্রদান করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্য ক্রীড়া।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুব সমাজ গঠন এবং জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে উৎকর্ষ সাধন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষ ও উৎপাদনক্ষম যুব সমাজ গঠন
২. ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;
২. বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান ও যুব সংগঠনকে অনুদান প্রদান;
৩. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;
৪. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন;
৫. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলার আয়োজন, অংশগ্রহণ ও জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
৬. ক্রীড়াক্ষেত্রে প্রতিভা অন্বেষণ ও দক্ষ ক্রীড়াবিদ তৈরিকরণ;
৭. বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং অস্বচ্ছল ক্রীড়াবিদদের অবসরভাতা প্রদান এবং
৮. ক্রীড়া স্থাপনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| যুবদের বেকারত্ব হ্রাস (১%) | ন্যাশনাল সার্ভিসের অধীনে প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব সংখ্যা | জন | ১৪৪৬৭ | | ২১৫৩৬ | ৪৫০০০ | ৫০০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষিত যুবসংখ্যা | জন | ৫৭৮৭৯ | | ৭৮১৬৮ | ৮০০০০ | ৮৫০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক মান অর্জন করা | আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সংখ্যা | সংখ্যা | ৬২ | | ৭০ | ৮০ | ৮৫ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ ও উৎপাদনক্ষম যুব সমাজ গঠন | ৪১ | [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবকের সংখ্যা | জন | ৭.০০ | ৫৬০৫৪ | ৩৪৯০১ | ২১৫৩৬ | ২১০০০ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | ৪৫০০০ | ৫০০০০ |
| | | [১.২] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.২.১] আত্মকর্মীর সংখ্যা | জন | ৬.০০ | | | ৩৩৯৩০ | ৩৩০০০ | ৩২০০০ | ৩১০০০ | ৩০০০০ | ৩৫০০০ | ৪০০০০ |
| | | [১.৩] প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.৩.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | জন | ৬.০০ | ৪৬০৫৪ | ৬৩৬৭২ | ৭৮১৬৮ | ৭৮০০০ | ৭৭০০০ | ৭৬০০০ | ৭৫০০০ | ৮০০০০ | ৮৫০০০ |
| | | [১.৪] গ্রামীণ যুবদের জন্য অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.৪.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | জন | ৬.০০ | ১৩৫১২২ | ২৫৩৫৭০ | ১৬০৭০০ | ১৬০০০০ | ১৫৯০০০ | ১৫৮০০০ | ১৫৭০০০ | ১৬৫৭৭০ | ১৬৮০০০ |
| | | [১.৫] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৫.১] যুব সংগঠনের সংখ্যা | সংখ্যা | ৬.০০ | ৭৪ | ৭৪ | ৫৭৪ | ৫৭২ | ৫৭০ | ৫৬৫ | ৫৬০ | ৫৮০ | ৫৯০ |
| | | [১.৬] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৬.১] উপকারভোগীর সংখ্যা | জন | ৪.০০ | ৩৪১২২ | ৩৬৬০০ | ৩৭৭০০ | ৩৭০০০ | ৩৬০০০ | ৩৫০০০ | ৩৪০০০ | ৩৬৮০০ | ৩৮০০০ |
| | | [১.৭] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৭.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুব সংগঠক সংখ্যা | জন | ৩.০০ | ১৫ | ১৫ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৫ | ১৫ |
| | | [১.৮] যুবদের মাধ্যমে জনসচেতনতা তৈরী | [১.৮.১] বাস্তবায়িত সভার সংখ্যা | সংখ্যা | ৩.০০ | | | ১০৫৫ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১২০০ | ১৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ | ৩৯ | [২.১] স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ সংখ্যা | জন | ১০.০০ | ১৫৫২৪ | ১৬৩২৫ | ১৬৪৪০ | ১৬০০০ | ১৫৫০০ | ১৫০০০ | ১৪৮৩০ | ১৬৭০০ | ১৭০০০ |
| | | [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভা সংখ্যা | জন | ৯.০০ | ৩৫৯৩ | ৩৭০০ | ৩৭০০ | ৩৬৯৮ | ৩৬৯৬ | ৩৬৯৪ | ৩৬৯৩ | ৩৭৫০ | ৩৮০০ |
| | | [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] ডিগ্রীপ্রাপ্ত সংখ্যা | জন | ২.০০ | ৩৬৭ | ৬০০ | ৬২০ | ৬১৫ | ৬১০ | ৬০৫ | ৬০০ | ৭০০ | ৭৫০ |
| | | [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] ডিগ্রীপ্রাপ্ত সংখ্যা | জন | ২.০০ | ৮ | ২০ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ২০ | ২০ |
| | | [২.৫] ক্রীড়া প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] ক্রীড়া প্রতিষ্ঠানের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৯১৫ | ৯৩৫ | ৯৪০ | ৯৩৮ | ৯৩৬ | ৯৩৪ | ৯৩২ | ৯৫২ | ৯৬০ |
| | | [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | জন | ২.০০ | ৫৩৩ | ৬২০ | ৬৩০ | ৬২৮ | ৬২৫ | ৬২২ | ৬২০ | ৬৪০ | ৬৫০ |
| | | [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠানের সংখ্যা | সংখ্যা | ৪.০০ | ৪৯৮৫ | ৫৫১৫ | ৫৫২৫ | ৫৫২০ | ৫৫১৫ | ৫৫১০ | ৫৫০৫ | ৫৫৫০ | ৫৫৭০ |
| | | [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ০৯ | ৫০ | ৯০ | ৮৮ | ৮৫ | ৮২ | ৮০ | ১০০ | ১১০ |
| | | [২.৯] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.৯.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | ২০ | ৩৫ | ২৫ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২০ | ২০ |
| | | [২.১০] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১০.১] অর্জিত পদকের সংখ্যা (স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ) | সংখ্যা | ২.০০ | ৫০ | ৭৭ | ৭০ | ৬৮ | ৬৬ | ৬৪ | ৬২ | ৮০ | ৮৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ০৪.০৮.১৬<br>............................................ |
| সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ০৪.০৮.২০১৬<br>............................................ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |
| ২ | এনএসসি | ন্যাশনাল স্পোর্টস কাউন্সিল (জাতীয় ক্রীড়া পরিষদ) |
| ৩ | এমবিএফ | মিনিষ্ট্রি বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ৪ | এমটিবিএফ | মিডিয়াম টার্ম বাজেটারি ফ্রেমওয়ার্ক |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবকের সংখ্যা | ২৪-৩৫ বছর বয়সী উচ্চ মাধ্যমিক বা তদুর্ধ্ব শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বেকার যুবদের ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকারী যুবকের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.২] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.২.১] আত্মকর্মীর সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ নিয়ে প্রকল্প গ্রহণ করে কমপক্ষে মাসিক ৪৫০০ টাকা আয় করলে সে আত্মকর্মীতে রূপান্তরিত হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণের পর আত্মকর্মীর সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৩]প্রাতিষ্ঠানিকপ্রশিক্ষণকোর্স পরিচালনা | [১.৩.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | দেশ-বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী ১-৬ মাস মেয়াদী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকারী যুবকের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৪] গ্রামীণ যুবদের জন্য অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.৪.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | গ্রামীণ যুবদের আয় সঞ্চারণ ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে ১-৩ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৫] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৫.১] যুব সংগঠনের সংখ্যা | দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালনকারী সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ ও ক্ষুদ্রঋণ গ্রহণের পর আত্মকর্মীর সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৬] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৬.১] উপকারভোগীর সংখ্যা | প্রশিক্ষিত যুবদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সর্বোচ্চ এক লক্ষ টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | ঋণ গ্রহণকারীর সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৭] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৭.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুব সংগঠক সংখ্যা | কর্মের স্বীকৃতি সরূপ সফল যুবক/যুবমহিলা/সংগঠককে প্রতিবছর জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব পুরস্কারপ্রাপ্ত যুবদের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [১.৮] যুবদের মাধ্যমে জনসচেতনতা তৈরী | [১.৮.১] বাস্তবায়িত সভার সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা/জেলা প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ স্থানীয় তালিকাভুক্ত যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক সভা/সমাবেশ করে জনগণকে উদ্বুদ্ধ করা | যুব উন্নয়ন অধিদপ্তর | স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মাধ্যমে জনসচেতনতামূলক বাস্তবায়িত সভার সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.১] স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ সংখ্যা | দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে আন্তর্জাতিকমান সম্পন্ন কোচ দ্বারা ইভেন্ট ওয়ারি প্রশিক্ষণ দেয়া হয় | ক্রীড়া পরিদপ্তর ও বিকেএসপি | প্রশিক্ষিত ও দক্ষ খেলোয়াড়ের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভা সংখ্যা | ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ভবিষত খেলোয়াড় তৈরির লক্ষ্যে প্রতিভা অন্বেষণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর, এনএসসি ও বিকেএসপি | তৃণমূল হতে বাছাইকৃত খেলোয়াড়ের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] ডিগ্রীপ্রাপ্ত সংখ্যা | কর্মসংস্থান সৃষ্টি, স্কুল/কলেজ/ জেলা/বিভাগীয় পর্যায়ে ক্রীড়া ও শারীরিক শিক্ষায় পাঠ দান এবং ক্রীড়ার মানোন্নয়নের জন্য বিপিএড ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর | বিপিএড ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] ডিগ্রীপ্রাপ্ত সংখ্যা | ক্রীড়া শিক্ষায় দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বি স্পোর্টস ডিগ্রী প্রদান করা হয় | বিকেএসপি | ডিগ্রীপ্রাপ্ত মানবসম্পদের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৫] ক্রীড়া প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] ক্রীড়া প্রতিষ্ঠানের সংখ্যা | ক্রীড়ার মানোন্নয়নের জন্য ক্রীড়া প্রতিষ্ঠান/সংস্থা/ফেডারেশনসমূহকে আর্থিক অনুদান প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর ও এনএসসি | আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | ক্রীড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান প্রদান করা হয় | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | আর্থিক অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠানের সংখ্যা | ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া ক্লাব/স্কুল/কলেজে বিভিন্ন ধরণের ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর | ক্রীড়া সামগ্রীপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনার সংখ্যা | খেলাধুলার মানোন্নয়নের জন্য উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে ক্রীড়া স্থাপনা নির্মাণ করা হয় | এনএসসি | নির্মিত ক্রীড়া স্থাপনার সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.৯] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.৯.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনার সংখ্যা | খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া স্থাপনা সংস্কার ও মেরামত করা হয় | এনএসসি | মেরামত ও সংস্কারকৃত স্থাপনার সংখ্যা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |
| [২.১০] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১০.১] অর্জিত পদকের সংখ্যা (স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ) | ক্রীড়ার বিকাশ ও সুনাম অর্জনের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে অর্জিত স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদক দেয়া হয়। | এনএসসি ও বিকেএসপি | অর্জিত স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদকের সখ্যাা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|